তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা 6 কলাম 2

দৈনিক
ইত্তেফাক

# কম্পার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদন

১৯৯০ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক বিষয়ে কম্পার্টমেন্টাল পেয়ে যারা উত্তীর্ণ হয়েছে তাদের মোট নম্বরের ওপর ডিভিশন হলেও তাদেরকে ডিভিশন প্রদান করা হয়নি। শুধু উত্তীর্ণ/ পাস বলে সার্টিফিকেট দেওয়া হয়েছে। কিন্তু পরবর্তী সময়ে যারা এক বিষয়ে রেফার্ড পেয়েছে তাদেরকে মোট নম্বরের ওপর ডিভিশন দেওয়া হয়। আমরা যারা ১৯৯০ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক বিষয়ে কম্পার্টমেন্টাল পেয়েছি তারা উচ্চশিক্ষা গ্রহণ ও চাকরিজীবনে সমস্যা ও হতাশায় ভুগছি। উচ্চতর ডিগ্রি অর্জন, চাকরিজীবনে পদোন্নতি, উচ্চতর পদে আবেদন ইত্যাদি ক্ষেত্রে বাধাগ্রস্ত হচ্ছি। এ অবস্থায়, আমাদের জীবনের জন্য উচ্চশিক্ষা ও উন্নতির বিষয় বিবেচনা করে যারা ১৯৯০ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক বিষয়ে কম্পার্টমেন্টাল পেয়েছি তাদেরকে মোট নম্বরের ওপর ভিত্তি করে ডিভিশন প্রদান করলে আমরা উচ্চতর ডিগ্রি অর্জন ও উচ্চতর পদে আবেদন করতে পারব। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. তোফাজ্জল হোসেন,**
সেন্ট্রাল লাইব্রেরি,
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা